



# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলক্ষণা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখ্যপত্র (২য় খন্দ)/২০১১/৯০২

তারিখঃ ০৮/০১/২০১৭

## প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ০৮ই জানুয়ারি ২০১৭ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) -এর নবনির্মিত “সিকিউরিটিজ কমিশন ভবন” ও “দেশব্যাপী ফিন্যান্সিয়াল লিটারেসি” কার্যক্রম এর শুভ উদ্বোধন করেছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মাননীয় প্রধানমন্ত্রী সকালে সিকিউরিটিজ ভবন, ই-৬সি, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা - এ গমন করে ভবনটির উদ্বোধন করেন। অতঃপর তিনি বঙ্গবন্ধু আন্তর্জাতিক সমেলন কেন্দ্রে উপস্থিত হয়ে দেশব্যাপী ফিন্যান্সিয়াল লিটারেসি কার্যক্রম এর শুভ উদ্বোধন ঘোষণা করেন।

অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী তাঁর বক্তব্যে অন্যান্য বিষয়াদির মধ্যে বলেন-

.....নবনির্মিত ভবনটি যথেষ্ট দৃষ্টিনন্দন এবং সেখানে যথেষ্ট সুযোগ সুবিধা আছে, যাতে বিএসইসি'তে কর্মরত্বা মনোরম পরিবেশে কাজ করতে পারবে।

একটি শক্তিশালী পুঁজিবাজার উন্নত অর্থনীতি গড়ে তোলার অন্যতম শর্ত। বাংলাদেশের অর্থনীতি বিকাশে বাংলাদেশের পুঁজিবাজার তথা সমগ্র অর্থনীতির জন্য আজ একটি অত্যন্ত আনন্দের দিন।

পুঁজিবাজার যাতে আরো বিকশিত হতে পারে তার জন্য সরকার সবরকম সহযোগিতার হাত প্রস্তাবিত করে রেখেছে। একটি স্থিতিশীল স্বচ্ছ জবাবদিহিতামূলক পুঁজিবাজার গড়ে তুলতে সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে।

জনগনের সংঘর্ষ অভ্যাস গড়ে তোলা এবং সাধিত অর্থের সঠিক বিনিয়োগ এর সিদ্ধান্ত ধরনের সক্ষমতা অর্জনে বিনিয়োগ শিক্ষা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিনিয়োগ শিক্ষায় শিক্ষিত জনগন বিনিয়োগের ঝুঁকি সম্পর্কে অবগত হয়ে বিনিয়োগ করতে পারবেন এবং পুঁজিবাজারের গতি-প্রকৃতি সম্বন্ধে সম্যক ধারণা অর্জন করতে পারবেন।

মাননীয় অর্থমন্ত্রী তাঁর বক্তব্যে কমিশনের কর্মকাণ্ড সম্পর্কে সন্তোষ ব্যক্ত করে বলেন, অচিরেই বাংলাদেশের পুঁজিবাজার আন্তর্জাতিক মানে উন্নীত হবে এবং বহুজাতিক কোম্পানীগুলি এক্সচেঞ্জে তালিকাভূক্ত হবে।

কমিশনের চেয়ারম্যান তাঁর বক্তব্যে কমিশনের গৃহীত সকল কার্যক্রমে বর্তমান সরকার এবং মাননীয় প্রধানমন্ত্রীর সার্বক্ষণিক সহযোগিতা প্রদানের জন্য আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন এবং কমিশনের প্রশিক্ষণ একাডেমী “বাংলাদেশ একাডেমী ফর সিকিউরিটিজ মার্কেট” এর মাধ্যমে দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা প্রচারের প্রত্যয় ব্যক্ত করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়ন ও পুঁজিবাজার বিকাশ সংক্রান্ত একটি অডিও ভিজুয়াল (Audio Visual) প্রদর্শন করা হয়। এছাড়াও অনুষ্ঠানে দেশব্যাপী ফিন্যান্সিয়াল লিটারেসি কার্যক্রমের উপর নির্মিত কয়েকটি টেলিভিশন কমার্শিয়াল (TVC) প্রদর্শন করা হয়।

০৮/০১/২০১৭

মোঃ সাইফুর রহমান  
নির্বাহী পরিচালক ও মুখ্যপত্র।